



# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]  
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

## ইসলামিক ফাউন্ডেশন বই উৎসব ২০১৯ অনুষ্ঠিত

সারা দেশে শিক্ষার্থীদের মাঝে ৪৫ লক্ষ ২০ হাজার ৫'শ বই বিতরণ

ঢাকা, ১ জানুয়ারি ২০১৯, মঙ্গলবার ॥

ইসলামিক ফাউন্ডেশন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প ও দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষার্থীদের হাতে নতুন বছরের বই তুলে দিয়ে 'বই উৎসব ২০১৯' উদ্বোধন করেছেন ধর্মমন্ত্রী আ. ক. ম মোজাম্মেল হক। আজ (১ জানুয়ারি, মঙ্গলবার) সকালে বায়তুল মুকাররম জাতীয় মসজিদের দক্ষিন সাহানে এই বই বিতরণ উৎসব অনুষ্ঠিত হয়। সারা দেশে শিক্ষার্থীদের মাঝে মোট ৪৫ লক্ষ ২০ হাজার ৫'শ বই বিতরণ করা হয়। এর মধ্যে প্রাক প্রাথমিক, বয়স্ক ও কোরআন শিক্ষার শিক্ষার্থীদের মাঝে ৩৫ লক্ষ ৬৬ হাজার বই ও দারুল আরকাম মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে ৯ লক্ষ ৫৪ হাজার পাঁচশ বই বিতরণ করা হয়েছে।

ধর্মমন্ত্রী আ.ক.ম মোজাম্মেল হক বলেন, বঙ্গবন্ধু যে লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেছিলেন তার সুযোগ্য কন্যার দিকনির্দেশনায় তা বাস্তবায়ন করা হচ্ছে। শিশুদের মাঝে দ্বীনী শিক্ষা ও মানবতার জ্ঞান বিতরণের এ প্রচেষ্টা সবসময় অব্যাহত থাকবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধর্মসচিব মোঃ আনিছুর রহমান। ইসলামিক ফাউন্ডেশন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম শীর্ষক প্রকল্পের ২০১৯ শিক্ষাবর্ষের সহজ কোরআন শিক্ষা কেন্দ্র, প্রাক প্রাথমিক কেন্দ্র, বয়স্ক শিক্ষা কেন্দ্র ও দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে এই বই বিতরণ করা হয়। এ সময় অন্যান্যদের মধ্যে ইসলামিক ফাউন্ডেশনের বিভিন্ন বিভাগের পরিচালক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬